

স্বাধীনতার কবির মহাপ্রয়ানে
বেলাল বেগ

আপনার মৃত্যুর শোকসভায় আমি যাব না
কারণ সেখানে প্রথা মত বিষাদ-বন্দনা হবে
যা আপনি পছন্দ করেননি কোনদিন।
বরং সেসময় আমি খরা-কাতর কাকটির কথা ভাবব,
একান্তরে বাংলার প্রান্তরে কুকুরে খাওয়া
লাশটির কথা ভাবব। আমি ভাবব রক্তাক্ত বাংলার কথা,
ঝড়ের পরে ডানা-ভাঙ্গা মৃত পাখি, বিচারহারা নিহত
যুবক, ধর্মান্ধ দস্যুদের আক্রমণে বিপর্যস্ত জনপদ,
এসবের কথা ভাবব, যা আপনাকে কাঁদাত নিশিদিন।
আপনার কান্নার এক একটি অনু বিস্ফোরিত হওয়ায়
প্রত্যেক বাঙালির মন আজ একটি অদম্য রিএ্যাকটর।
আমাকে জাগিয়ে দিয়ে তবেই আপনি ঘুমুতে গেলেন
আপনার ঘুম শান্তির হোক, পরম শান্তির।
নিউইয়র্ক
১৭ই আগষ্ট